# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**12-05-2026** **Time: 1.40 PM**

---

## বিশেষ বিশেষ খবর –

১) পুর নিয়োগ দুর্নীতি মামলায় গ্রেফতার রাজ্যের প্রাক্তন দমকলমন্ত্রী সুজিত বসুকে আজ আদালতে তোলা হয়েছে।

২) মেডিকেলে ভর্তির অভিন্ন প্রবেশিকা পরীক্ষা NEET, UG- 2026 বাতিল করা হয়েছে । সিবিআই-কে তদন্তের দায়িত্ব দিয়েছে কেন্দ্রীয় সরকার ।

৩) শুভেন্দু অধিকারীর আপ্তসহায়ক চন্দ্রনাথ রথ হত্যার ঘটনায় তদন্ত করবে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা, সিবিআই।

৪) আরজি কর মামলা থেকে এবার সরে দাঁড়ালেন কলকাতা হাইকোর্টের বিচারপতি রাজা শেখর মান্থা ও বিচারপতি রাই চট্টোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চে ।

৫) পশ্চিমবঙ্গে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নেতৃত্বে নব গঠিত বিজেপি সরকার, সীমান্তে কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য ৪৫ দিনের মধ্যে বিএসএফ-কে জমি হস্তান্তর সহ একগুচ্ছ সিদ্ধান্ত নিয়েছে।

৬) আইএসএল ফুটবলে আজ যুব ভারতী ক্রীড়াঙ্গণে মোহনবাগান সপার জায়েন্ট আজ ইন্টার কাশীর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু সন্ধে সাড়ে সাতটায়।

০০০০০০০০০০০০০০০০০০০০

পুর নিয়োগ দুর্নীতি মামলায় ইডি-র হাতে গ্রেফতার রাজ্যের প্রাক্তন দমকলমন্ত্রী সুজিত বসুকে আজ আদালতে তোলা হয়েছে।

ইডি-র দফতরে গতকাল সাড়ে ১০ ঘন্টারও বেশি জিজ্ঞাসবাদের পর বয়ানে অসঙ্গতি, প্রশ্নের উত্তর এড়ানো সহ একাধিক অভিযোগে রাত ৯ টা নাগাদ তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারের পর রাতেই সুজিত বসুর শারীরিক পরীক্ষা করা হয়।

উল্লেখ্য, দক্ষিণ দমদম পুরসভার সঙ্গে দীর্ঘদিন যুক্ত থাকার সময়ে নিয়োগ প্রক্রিয়ায় সুজিত বসুর ভূমিকা ছিল বলে অভিযোগ। সেখানে বেআইনীভাবে অন্তত দেড়শো লোকের তিনি চাকরীর ব্যবস্থা করেন। সেই দেড়শো জনের তালিকাও রয়েছে ইডির হাতে। মোট ১৭ টি পুরসভায় মোট এক হাজার কর্মীকে আইন বহির্ভূতভাবে চাকরী দেওয়া হয় বলেও ইডি সূত্রে জানা গেছে। নিয়োগ দুর্নীতি মামলার অন্যতম অভিযুক্ত অয়ন শীলের অফিসে তল্লাশির সময়ে প্রচুর ওএমআরশিট উদ্ধার হয়। সেখানেই বিভিন্ন পুরসভায় চাকরি পাইয়ে দেওয়ার নামে মোটা অঙ্কের টাকার লেনদেনের অভিযোগ সামনে আসে। এই তদন্তের সূত্রেই সুজিত বসু সহ একাধিক তৃণমূল নেতা ও প্রভাবশালী ব্যক্তির নামও উঠে আসে।

ভোটের আগেও একাধিকবার সুজিত বসুকে তলব করা হয়। এর আগে গত পয়লা মে ইডির দপ্তরে হাজিরা দেন এই তৃণমূল কংগ্রেস নেতা।

এই মামলায় প্রাক্তন খাদ্য মন্ত্রী রথীনঘোষকেও জিজ্ঞাসাবাদের জন্য তলব করেন ইডি। কিন্তু তিনি এখনও হাজিরা দেন নি।

oooooooooooooooooooo

বিজেপি বলেছে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পশ্চিমবঙ্গকে দুর্নীতি মুক্ত করার যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, সুজিত বসুর গ্রেপ্তার তারই প্রথম পদক্ষেপ।

দলের নেতা রাজ্যের নবনিযুক্ত মন্ত্রী নিশীথ প্রামাণিক বলেছেন, এই দুর্নীতিতে জড়িত সকলেই শাস্তি পাবে।

(বাইট – নিশীথ প্রামাণিক)

প্রদেশ কংগ্রেসের মুখপাত্র সৌম্য আইচ রায় বলেছেন, এই তদন্তের কিনারা হয় কিনা, গোটা রাজ্যের মানুষ সেইদিকে তাকিয়ে রয়েছেন। দোষীদের কঠোর শাস্তির দাবি জানানোর পাশাপাশি দুর্নীতির পিছনে আসল মাথা কে, তা খুঁজে বের করতে হবে বলেও তিনি মন্তব্য করেন।

এদিকে সিপিআইএম বলেছে, সুজিত বসুর আরও আগেই গ্রেপ্তার হওয়া দরকার ছিল। দলের উত্তর ২৪ পরগণার জেলা সম্পাদক পলাশ দাস সাংবাদিকদের বলেছেন, তৃণমূল কংগ্রেসের এই নেতা শুধু নিয়োগ সংক্রান্ত নয়, আরও অনেক রকম দুর্নীতির সঙ্গেই যুক্ত ছিলেন। দলের আরও অনেক নেতাই এই দুর্নীতির সঙ্গে যুক্ত। ঠিক মত তদন্ত হলে কয়েক হাজার কোটি টাকার সম্পত্তি উদ্ধার হবে বলেও মন্তব্য করেছেন তিনি।

oooooooooooooooooooo

মেডিকেলে ভর্তির অভিন্ন প্রবেশিকা পরীক্ষা নিট ইউজি বাতিল করা হয়েছে। গত ৩-রা মে এই পরীক্ষা নেওয়া হয়। প্রশ্নপত্র ফাঁসের অভিযোগেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানা গেছে। ওই ঘটনার তদন্তভার সিবিআইকে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় সরকার।

ন্যাশনাল টেস্টিং এজেন্সি এক বিবৃতিতে জানিয়েছে, কেন্দ্রীয় সংস্থার অনুসন্ধানে পাওয়া তথ্যের ভিত্তিতে কেন্দ্রীয় সরকারের অনুমতি নিয়ে ওই পরীক্ষা বাতিল করা হয়েছে। পরীক্ষা ব্যবস্থায় স্বচ্ছতা বজায় রাখার স্বার্থে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে তারা জানিয়েছে। ওই পরীক্ষা আবার কবে নেওয়া হবে, তা পরে ঘোষণা করা হবে। এর

জন্য নতুন ভাবে অ্যাডমিট কার্ডও দেওয়া হবে। NTA আরো জানিয়েছে, নতুনভাবে পরীক্ষা দেওয়ার জন্য পরীক্ষার্থীদের অতিরিক্ত আর কোন ফি জমা দিতে হবে না। এছাড়া ইতিমধ্যেই আগের পরীক্ষার জন্য জমা দেওয়া ফি ফেরত দেওয়া হবে পরীক্ষার্থীদের। নতুন পরীক্ষার জন্য আলাদাভাবে রেজিস্ট্রেশন করারও দরকার হবে না। NTA এর অফিসিয়াল সামাজিক মাধ্যমে পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হবে।

oooooooooooooooooooo

শুভেন্দু অধিকারীর আপ্তসহায়ক চন্দ্রনাথ রথ হত্যার ঘটনায় তদন্ত করবে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা, সিবিআই। এর আগে রাজ্য পুলিশ এই হত্যার ঘটনায় তদন্তের জন্য সিবিআইয়ের নাম সুপারিশ করেছিল। সেই প্রেক্ষিতে আজই সিবিআই তদন্তভার গ্রহণ করছে বলে এক বিবৃতিতে জানিয়েছে। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা জানিয়েছে, তাঁরা এই মামলার তদন্তের জন্য বিশেষ তদন্তকারী দল (সিট) গঠন করেছে। ডি আই জি পঙ্কজ সিং-এর নেতৃত্বে ৭ সদস্যের দল এই তদন্ত করবে। কলকাতা অঞ্চলের যুগ্ম নির্দেশকের অধীনে এই দল কাজ করবে এবং তদন্তের স্বার্থে প্রয়োজন অনুযায়ী আধিকারিক নিয়োগ করা হবে। আজ রাজ্য পুলিশ, সিবিআই-কে ঘটনার কেস ডায়েরি হস্তান্তর করতে পারে বলে জানা গেছে। সিবিআই-এর একটি দল মধ্যমগ্রাম থানায় ও ঘটনাস্থলে যেতে পারেন বলে খবর।

উল্লেখ্য, গত ৬-ই মে রাতে চন্দ্রনাথ রথকে দুষ্কৃতিরা গুলি করে হত্যা করে।

oooooooooooooooooooo

ভোট পরবর্তী হিংসা নিয়ে কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের করেছে তৃণমূল কংগ্রেস। আবেদনকারীর আইনজীবী শীর্ষণ্য বন্দ্যোপাধ্যায় দ্রুত শুনানির

আবেদন জানিয়ে প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থসারথী সেনের ডিভিশন বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করেন।

আইনজীবীর অভিযোগ, প্রায় ২ হাজার তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থক আক্রান্ত হয়েছেন। ৩৬৫-টি তৃণমূল কংগ্রেস কার্যালয় ভাঙচুর করা হয়েছে।

আবেদনকারীর আরো দাবি, আদালত অবিলম্বে হস্তক্ষেপ করে উপযুক্ত তদন্তকারী সংস্থাকে দিয়ে তদন্ত করানো হোক।

আগামী বৃহস্পতিবার এই মামলার শুনানি হতে পারে বলে জানিয়েছেন প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

আরজি কর মামলা থেকে এবার সরে দাঁড়ালেন কলকাতা হাইকোর্টের বিচারপতি রাজা শেখর মান্থা ও বিচারপতি রাই চট্টোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চে । আজ এই মামলা ডিভিশন বেঞ্চ উঠলে সিবিআই মুখবন্ধ খামে তদন্তের অগ্রগতি জানায়। এরপর নির্যাতিতার পরিবারের আইনজীবী অভিযোগ করেন, সিবিআই নতুন করে তদন্ত করেছে না। এর প্রেক্ষিতে বিচারপতি মান্থার নির্দেশ - অন্যান্য মামলার শুনানির জন্য এই মামলায় পর্যাপ্ত সময় দেওয়া যাবে না। তাই মামলাটি প্রধান বিচারপতির কাছে পাঠিয়ে দেওয়া হচ্ছে। প্রয়োজনে কোনো কমিশন গঠন করা যেতে পারে। তিনিও চান এই মামলার সঠিক বিচার হোক। এর আগে বিচারপতি দেবাংশু বসাকের ডিভিশন বেঞ্চ এই মামলা থেকে সরে দাঁড়িয়েছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গে বড় শিল্প আনতে হবে বলে মন্তব্য করেছেন রাজ্য বিজেপি সভাপতি শমিক ভট্টাচার্য। আজ কলকাতায় বেঙ্গল ন্যাশনাল চেম্বার্স অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রিতে ভাষণ দিতে গিয়ে তিনি বলেন, বিগত সরকারের আমলে রাজ্য কোন লগ্নি আসেনি।

(বাইট – শমিক)

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নেতৃত্বে নব গঠিত বিজেপি সরকার একগুচ্ছ সিদ্ধান্ত নিয়েছে। নবান্নের গতকাল মন্ত্রিসভার বৈঠকের পর এক সংবাদিকদের মুখ্যমন্ত্রী বলেন, সীমান্তে কাঁটা তারের বেড়া দেওয়ার জন্য ৪৫ দিনের মধ্যে বিএসএফ-কে প্রয়োজনীয় জমি হস্তান্তর করা হবে। এব্যাপারে দায়িত্ব দেওয়া হয়েছে ভূমি ও ভূমি সংস্কার দফতরের প্রধান সচিব ও মুখ্য সচিবকে। অনুপ্রবেশকারীদের সুযোগ করে দিতেই তৃণমূল কংগ্রেস সরকার এতোদিন জমি দেয়নি বলে অভিযোগ করেন মুখ্যমন্ত্রী।

উল্লেখ্য, দক্ষিণবঙ্গে ভারত বাংলাদেশ সীমান্তবর্তী অরক্ষিত ৫৬৯ কিলোমিটার অংশের মধ্যে ৪৫৬ কিলোমিটার অংশে কাঁটাতারের বেড়া দেওয়ার সিদ্ধান্ত নেয় স্বরাষ্ট্র মন্ত্রক। এজন্য প্রথম পর্যায়ে ১৮১ কিলোমিটার অংশে কাঁটাতারে র বেড়া দেওয়ার জন্য কেন্দ্র তৎকালীন রাজ্য সরকারকে প্রয়োজনীয় টাকাও পাঠিয়ে দেয়। কিন্তু রাজ্য সরকার সেই জমি হস্তান্তর করেনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরে শীঘ্রই নতুন নিয়োগ হবে বলে দপ্তরের মন্ত্রী দিলীপ ঘোষ জানিয়েছেন। গতকাল মন্ত্রিসভার বৈঠকের পর তিনি পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর পরিদর্শনে যান। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন রাজ্য সরকারের সবচেয়ে বড় এবং গুরুত্বপূর্ণ দপ্তর। তবে সেখানে দীর্ঘদিন নিয়োগ না হওয়ার ফলে কর্মীর অভাব রয়েছে এবং সঠিকভাবে কাজ হয়নি। তিনি জানান, নিয়োগের জন্য প্রায় সাড়ে ছ হাজার প্রার্থী উত্তীর্ণ হয়েছে। শীঘ্রই এই নিয়োগ হবে।

(বাইট – দিলীপ ঘোষ)

এদিকে, পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল গত সন্ধ্যায় আরবান ডেভেলপমেন্ট অ্যান্ড মিউনিসিপাল অ্যাফেয়ার্স ভবনে গিয়ে তার দপ্তর পরিদর্শন করেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি জানান,শহরে থমকে থাকা মেট্রো রেলের প্রকল্পগুলি দ্রুত শেষ করার উদ্যোগ নেওয়া হবে।

(বাইট – অগ্নিমিত্রা/মেট্রো)

এছাড়া দপ্তরে নিয়োগ এবং শহরের উন্নয়নে যাবতীয় বিষয়ে জোর দেওয়া হবে। পাশাপাশি নারী ও শিশু কল্যাণ দপ্তরের অধীনে বিশেষ গুরুত্ব দেওয়া হবে মহিলাদের সুরক্ষায়।

রাজ্যে পয়লা জুন থেকে অন্নপূর্ণা ভান্ডার চালু হচ্ছে। এসম্পর্কে পুর ও নগরোন্নয়নমন্ত্রী জানান, লক্ষ্মীর ভান্ডার যারা পেতেন তারা সবাই এই প্রকল্পের অন্তর্ভুক্ত হবেন।

( বাইট – অগ্নিমিত্রা/ অন্নপূর্ণ)

oooooooooooooooooooo

আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট,আজ ইন্টার কাশীর বিরুদ্ধে খেলবে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

মোহনবাগান ১০ ম্যাচে ২১ পয়েন্ট নিয়ে লিগ তালিকার দ্বিতীয় স্থানে রয়েছে। অন্যদিকে ১০ ম্যাচে ১১ পয়েন্ট পেয়ে দশম স্থানে রয়েছে ইন্টার কাশী ।

এদিকে আইএসএল ফুটবলে গতকাল ইস্টবেঙ্গল ও পাঞ্জাব এফ সি, র ম্যাচটি অসীমাংসিতভাবে শেষ হয়েছে। কোনো দলই গোল করতে পারে নি।

ইস্টবেঙ্গল ১১ ম্যাচে ২২ পয়েন্ট নিয়ে লিগ তালিকার শীর্ষে রয়েছে। পাঞ্জাব এফ সি, র ১১ ম্যাচে পয়েন্ট ১৯। তারা রয়েছে সপ্তম স্থানে।

ooooooooooooooooooooo

ooooooooooooooooooooo